ধর্ষকের ফাঁসি চেয়ে রাবিতে প্রতীকী ফাঁসি

রাবি সংবাদদাতা

১২ মার্চ ২০২৫, ১২:০০ এএম





দ্রুততম সময়ে ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি ফাঁসির দাবিতে প্রতীকী ফাঁসি ও দ্রোহের কবিতা পাঠ করে আন্দোলন করছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডের পাশে ফাঁসির মঞ্চ তৈরি করে সেখানে প্রতীকী ফাঁসি দেওয়া হয় বিশ্ববিদ্যালয়ের সাবেক সমন্বয়ক সালাউদ্দিন আম্মারকে। গতকাল মঙ্গলবার তুপুর ১২টা থেকে এই আন্দোলন শুরু হয়ে চলে তুপুর ১টা পর্যন্ত। ফাঁসির মঞ্চ ঘিরে শিক্ষার্থীরা সমবেত হন।